

প্রেস রিলিজ

২৬ নভেম্বর ২০২১

বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এর এসএসসি পরীক্ষা-২০২১ পরিদর্শন।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় পরিচালিত এসএসসি পরীক্ষা-২০২১ এর প্রথম দিনে (২৬ নভেম্বর, ২০২১) বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার আকস্মিক রাজধানীর আজিমপুর ওয়েস্ট এন্ড হাই স্কুল এবং মতিঝিল টি.এন্ড.টি উচ্চ বিদ্যালয় পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। তিনি পরীক্ষার হলে স্বাস্থ্যবিধি মেনে ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণ সরেজমিন পর্যবেক্ষণ করেন। উপাচার্য নকলমুক্ত পরিবেশে পরীক্ষা পরিচালনায় দায়িত্বরত শিক্ষকদের ‘জিরো টলারেন্স’ এর উপর গুরুত্ব আরোপ করেন। এবছরের এসএসসি পরীক্ষায় সারাদেশে ৮৩ হাজার ১৩৪ জন শিক্ষার্থী ৩০৩টি পরীক্ষা কেন্দ্রে অংশগ্রহণ করছে।



বাউবি উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার এসএসসি পরীক্ষা-২০২১ পরিদর্শন করছেন।

উপাচার্য বলেন, শিক্ষায় উন্নত বাংলাদেশ সৃজনে ‘বাউবি অবহেলিত, বড়ে পরা, প্রান্তিক ও দুর্গম অঞ্চলের শিক্ষার্থীদের জন্য কাজ করে যাচ্ছে। সবার জন্য উন্মুক্ত কর্মমুখী, গণমুখী ও জীবনব্যাপী শিক্ষা এই নবতর দীক্ষা নিয়ে বাউবি বর্তমানে এগিয়ে যাচ্ছে। দেশের সীমানা পেরিয়ে বাউবির বিস্তৃতি আজ মধ্যপ্রাচ্যসহ বিশ্বের বিভিন্ন দেশে ছড়িয়ে পড়েছে। বাউবির এই পথচলায় তিনি শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও গণমাধ্যমসহ সকলের সহযোগিতা কামনা করেন।

ক্ষুদ্র নৃগোষ্ঠী, তৃতীয় লিঙ্গের জনগোষ্ঠী, পিছিয়েপড়া নারী ও প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে বাউবির শিক্ষা সেবা পৌঁছে দিয়ে তাদেরকে শিক্ষার মহাসোপানে ফিরিয়ে এনে কর্মমুখী শিক্ষায় দক্ষতা বৃদ্ধি করে জনশক্তিকে জনসম্পদে রূপান্তর বাউবির অঙ্গীকার।

বর্ডার
২৬.১১.২০২১

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

ফোন: ০১৭১২-৫৯৯৫০৪